

(প্রেস বিজ্ঞপ্তি)

১৩ এপ্রিল ২০২২

## নগর প্রাথমিক স্বাস্থ্য সেবার প্রস্তাবিত রূপরেখা উপস্থাপন কর্মশালায় মেয়র চসিকের আরবান স্বাস্থ্য সেবা সারা দেশের মডেল হিসেবে কাজ করছে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন এমন একটি প্রতিষ্ঠান। যে প্রতিষ্ঠান নিদিষ্ট কাজের পরিধির বাহিরে শিক্ষা ও স্বাস্থ্য সেবা কার্যক্রম পরিচালনা করে আসছে। দেশের অন্য কোন সিটি কর্পোরেশন এধরণের কার্যক্রম পরিচালনা করছে না। এই খাতে চসিককে ভূর্তগী দিতে হয়। আরবান প্রাইমারী হেলথ কেয়ার সেন্টারের মাধ্যমে সাধারণ নাগরিকের স্বাস্থ্য সেবার বিষয়টি সাবেক মেয়র এবিএম মহিউদ্দিন চৌধুরী চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মাধ্যমে প্রথম এ সেবা চালু করেন। যাহা পুরো বাংলাদেশের জন্য মডেল হিসেবে কাজ করেছেন। চসিক বর্তমানে ৪১টি ওয়ার্ডে স্বাস্থ্য সেবা কেন্দ্র, পূর্ণাঙ্গ মাতৃসদন হাসপাতাল, নাসিং ইউনিট, হোমিউপ্যাথিক কলেজসহ একটি জেনারেল হাসপাতাল পরিচালনা করে আসছে। একটি জরিপে জানা গেছে পানযোগ্য বিশুদ্ধ পানির অভাবে ডায়রিয়া মতো রোগে আক্রান্ত রোগীর হার বেড়ে গেছে। যে কারণে হাসপাতাল গুলোতে বিব্রতকর পরিস্থিতি সৃষ্টি হয়েছে। দীর্ঘ মহামারী করোনায় কালে চসিক কোভিড প্রতিরোধে চিকিৎসা সেবা, ভেকসিনসহ যাবতীয় সুরক্ষা সামগ্রী প্রদান করে আসছে। আক্রান্ত রোগীদের চিকিৎসা সেবার জন্য ২৫০ শয্যার আইসোলেশন সেন্টার ১২টি পয়েন্টে টেস্টিং বুথ ব্র্যাক বাংলাদেশের সহায়তায় কেন্দ্র চালু করেছিল। তিনি আজ মঙ্গলবার দুপুরের নগরীর রেডিসন ব্লু বলরুমে নগর প্রাথমিক স্বাস্থ্য সেবার প্রস্তাবিত রূপরেখা উপস্থাপন বিষয়ক কর্মশালায় প্রধান অতিথির বক্তেবে একথা বলেন।

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. সেলিম আকতার চৌধুরীর সভাপতিত্বে এতে আরো বক্তব্য রাখেন প্যানেল মেয়র মো. গিয়াস উদ্দিন, ওয়ার্ড কাউন্সিলর জহর লাল হাজারী, বিভাগী স্বাস্থ্য পরিচালক ডা. মো. শাখাওয়াত উল্লাহ, সিভিল সার্জন মো. ইলিয়াছ চৌধুরী, ডা. সাইদুর রহমান, বীর মুক্তিযোদ্ধা জনাব মো: আবদুল্লাহ, সুব্রত চৌধুরী। প্রেজেন্টেশন উপস্থাপন করেন ডা. রিয়াজ মাহমুদ। অনুষ্ঠানে ভারুয়ালে যুক্ত হন মিস মিরান্ডা বেকম্যান। উপস্থিত ছিলেন ওয়ার্ড কাউন্সিলর আবদুস সালাম মাসুম, মো. নুরুল আমিন, মো. ইলিয়াছ, সালেহ আহম্মদ চৌধুরী, জাফরুল হায়দার চৌধুরী, লুৎফুন নেছা দোভাষ বেবী, তসলিমা বেগম প্রমুখ।

মেয়র আরো বলেন, ইউএসএআইডি প্রকল্পের সহযোগিতায় যে সেবা সিটি কর্পোরেশনকে দেয়ার জন্য প্রস্তাব এসেছে তা পরিপূর্ণভাবে বাস্তবায়ন দেখতে চাই। তাহলেই নগরীতে সাধারণ মানুষ চিকিৎসা সেবা সহজ লোভ্য হবে।

## চসিক জেনারেল হাসপাতালে যক্ষা নিয়ন্ত্রণ ওরিয়েন্টেশন কর্মশালা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় জাতীয় যক্ষা নিয়ন্ত্রণ কর্মসূচিকে এগিয়ে নিতে কর্পোরেশনের সহযোগিতায় ও এসিটিবি'র কার্যক্রমের আওতায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনে কর্মরত মেডিকেল অফিসারদের তৃতীয় ব্যাচের কর্মশালা আজ মঙ্গলবার সকালে চসিক জেনারেল হাসপাতাল সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। কর্মশালার উদ্বোধন করেন সিটি কর্পোরেশনের প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. সেলিম আকতার চৌধুরী। এতে মূল আলোচক ছিলেন চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের রেসপিরেটরী মডিসিন বিভাগীয় প্রধান প্রফেসর ডা. সরোজ কান্তি চৌধুরী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আইসিডিডিআরবি'র ট্রেনিং কো-অর্ডিনেটর ডা. জাকিয়া সুলতানা, প্রজেক্ট রিচার্জ ফিজিশিয়ান ডা. খান মো. গোলাম কিবরিয়া। স্বাগত বক্তব্য রাখেন আইসিডিডিআরবি'র এসটিবি সহকারী প্রোগ্রাম ম্যানেজার মো. নিজামুল ইসলাম।

উদ্বোধনী বক্তব্যে ডা. সেলিম আকতার চৌধুরী বলেন, যক্ষা একটি ছোঁয়াছে রোগ। এই রোগে আক্রান্ত রোগী বর্তমান আধুনিক চিকিৎসা পদ্ধতির মাধ্যমে রোগ নিরাময় করা সম্ভব। তিনি সিটি কর্পোরেশনের দশটি স্বাস্থ্য কেন্দ্রে যক্ষা রোগীকে বিনামূল্যে স্বাস্থ্য সেবা দেয়া হয় বলে জানান। ডা.সেলিম আকতার চৌধুরী সংশ্লিষ্ট মেডিকেল অফিসারদের স্ব-স্ব কর্মস্থলে যক্ষা রোগ নিয়ন্ত্রণে জনসচেতনতা বৃদ্ধির উপর জোর দেয়ার আহ্বান জানান।

**স্বাক্ষরিত/-**

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩